Dhaka University

দৈনিক খবর

তারিখ 15 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

৭৬

ঢাকা বিশ্ববিদ্যালয়

## শিক্ষক ও অফিসারদের আবাসিক ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনের পশ্চিমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অফিসারদের জন্য ৬টি আবাসিক ভবন নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

এই প্রকল্পের অধীনে পাঁচতলা বিশিষ্ট ছয়টি ভবনে মোট ৬০টি ফ্ল্যাট নির্মিত হবে এবং প্রতিটি ফ্ল্যাটের আয়তন হবে ১২০০ বর্গফুট। আনুমানিক ৫·২২ কোটি টাকা ব্যয়ে নির্মিতব্য এই ফ্ল্যাটগুলোর নির্মাণ কাজ আগামী ৯ মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনের পশ্চিমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অফিসারদের জন্য ৬টি আবাসিক ভবন নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন

## এলএলবি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কোর্স পদ্ধতিতে ১৯৯১ সালের ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ এল এল বি সম্মান পরীক্ষা যথাক্রমে আগামী ১৭ই ও ১৯শে ডিসেম্বর ১৯৯২ থেকে শুরু হবে। বার্ষিক কোর্স পদ্ধতিতে ১৯৯০ সালের এল এল এম পরীক্ষা ২৪শে ডিসেম্বর ১৯৯২ থেকে শুরু হবে। উল্লিখিত পরীক্ষার স্থান ও সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে।